MAR. 20

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# এক মিনিটে ১০ বস্তা নকল উদ্ধার

চট্টগ্রাম ব্যুরো

নকল রোধে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের তৎপরতা অব্যাহত রয়েছে। এসএসসি পরীক্ষার তৃতীয় দিনে গতকাল সোমবারও বোর্ডের স্পেশাল টিম ছাড়াও বোর্ড চেয়ারম্যান, সচিব ও পরীক্ষা নিয়ন্ত্রক

## নকল : ১০ বস্তা

• (১ম পৃষ্ঠার পর)

বিভিন্ন কেন্দ্রে ঝটিকা অভিযান চালান পরীক্ষা শুরুর পরপরই বোর্ড চেয়ারম্যান প্রফেসর আহমদ হোসেন উপস্থিত হন রাউজান আরআরএসি উচ্চ বিদ্যালয় কেন্দ্রে। কেন্দ্রে ঢুকেই তিনি পরীক্ষার্থীদের নির্দেশ দেন যার যা কিছু আছে ফেলে দিতে। সময় দিলেন মাত্র এক মিনিট, আর এই এক মিনিটেই নকলে ভর্তি হয় দশটি বস্তা।

এরপর বোর্ড চেয়ারম্যান শুরু করেন দেহ তল্লাশি। তল্লাশি করে যাদের কাছে নকল পাওয়া যায় তাদের বহিষ্কার করা হয় সঙ্গে সঙ্গেই। এই এক কেন্দ্র থেকেই বহিষ্কার করা হয় ৩১ জনকে। তিনি রোববার রাউজানের নোয়াপাড়া উচ্চ বিদ্যালয় কেন্দ্রে উপস্থিত হয়ে ৫০ বস্তা নকল উদ্ধার ও ৮৭ জনকে বহিষ্কার করেছিলেন। এ ছাড়া বোর্ড সচিব প্রফেসর এজেএম শহীদুল্লাহ ও পরীক্ষা নিয়ন্ত্রক রণজিৎ কুমার ধরও জেলার বিভিন্ন ঝুঁকিপূর্ণ কেন্দ্রে 'সাঁড়াশি অভিযান' চালান।